দৈনিক ইনকিলাব

তারিখ SEP 23 1999
পৃষ্ঠা ১ কলাম ১

ঢাঃ বিঃ আবাসিক হল

# নামাজী ছাত্রদের মাঝে চরম আতঙ্ক

**ইনকিলাব রিপোর্ট ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে নামাজী ছাত্রদের মাঝে এখন চরম আতংক বিরাজ করছে। গত এক সপ্তাহে বিশ্ববিদ্যালয়ের কয়েকটি হলে মুজিববাদী ছাত্র লীগের সন্ত্রাসীরা শিবির কর্মী সন্দেহে হলের নামাজী ছাত্রদেরকে প্রহার করে হল থেকে বের করে দেয়ায় নামাজী ছাত্ররা ভয় ও শঙ্কার সাথে তাদের দিন কাটাচ্ছে। এমনকি নির্যাতনের ভয়ে হলের মসজিদে যেয়ে নামাজ পড়তে ছাত্ররা সাহস পাচ্ছে না। ফলে হলের মসজিদগুলোতে মুসল্লীর সংখ্যা ধীরে ধীরে কমে আসছে। গত কয়েক দিনে মুজিব হল থেকে ১৪ জন, মুহসীন হল থেকে ৮ জন এবং জহুরুল হক হল থেকে ৪ জন সাধারণ ছাত্রকে প্রহার করে হল থেকে বের করে দিয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও এ ব্যাপারে রহস্যজনকভাবে নীরব ভূমিকা পালন করছে এবং বের করে দেয়া ছাত্রদেরকে হলে ফিরিয়ে আনার ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করছে না।